

বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতার পুরস্কার বিতরণী অনুষ্ঠান ২০১৯



২ অক্টোবর, ২০১৯-বুধবার পোগোজ ল্যাবরেটরি স্কুল অ্যান্ড কলেজ, আই. ই. আর, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের আয়োজনে বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতার পুরস্কার বিতরণী অনুষ্ঠান ২০১৯ বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মিলনায়তনে অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউটের পরিচালক অধ্যাপক ড. মনিরা জাহান, রেজিস্ট্রার প্রকৌশলী মোঃ ওহিদুজ্জামান এবং অর্থ ও হিসাব দপ্তরের পরিচালক জনাব কাজী মোঃ নাসির উদ্দিন। এসময় স্বাগত বক্তব্য প্রদান করেন পোগোজ ল্যাবরেটরি স্কুল অ্যান্ড কলেজ, আই. ই. আর, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত অধ্যক্ষ জনাব মোঃ মনির হোসেন। এছাড়াও পোগোজ ল্যাবরেটরি স্কুল অ্যান্ড কলেজের ব্যবস্থাপনা পরিচালনা কমিটির সদস্যবৃন্দ, শিক্ষক-শিক্ষিকা, শিক্ষার্থী এবং অভিভাবকবৃন্দ উপস্থিত ছিলেন।